গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

তারিখ: ১৮ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
০৩ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.২৩.২৮২

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

**১। আবহাওয়ার সতর্কবার্তা:**

**আবহাওয়ার বিশেষ বিজ্ঞপ্তি, ক্রমিক নম্বর- ১০ (দশ), তারিখঃ ০৩.১২.২০২৩ খ্রিঃ**

দক্ষিণপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন **এলাকায়** অবস্থানরত গভীর নিম্নচাপটি আরো উত্তরপশ্চিম দিকে অগ্রসর ও ঘণীভূত হয়ে একই এলাকায় (১১.৫° উত্তর অক্ষাংশ এবং ৮২.৫° পূর্ব দ্রাঘিমাংশ) ঘূর্ণিঝড় 'মিগজাউম'-এ পরিণত হয়েছে। এটি আজ (০৩ ডিসেম্বর ২০২৩) সকাল ০৬.০০ টায় চট্টগ্রাম সমুদ্রবন্দর থেকে ১৫৭৫ কি.মি. দক্ষিণপশ্চিমে, কক্সবাজার সমুদ্রবন্দর থেকে ১৫২৫ কি.মি. দক্ষিণপশ্চিমে, মোংলা সমুদ্রবন্দর থেকে ১৪৫০ কি.মি. দক্ষিণপশ্চিমে এবং পায়রা সমুদ্রবন্দর থেকে ১৪৫০ কি.মি. দক্ষিণপশ্চিমে অবস্থান করছিল। এটি আরও উত্তরপশ্চিম দিকে অগ্রসর ও ঘণীভূত হতে পারে।

নিম্নচাপ কেন্দ্রের ৫৪ কি.মি. এর মধ্যে বাতাসের একটানা সর্বোচ্চ গতিবেগ ঘণ্টায় ৬২ কি.মি., যা দমকা অথবা ঝড়ো হাওয়ার আকারে ৮৮ কি.মি. পর্যন্ত বৃদ্ধি পাচ্ছে। ঘূর্ণিঝড় কেন্দ্রের নিকটবর্তী এলাকায় সাগর বিক্ষুব্ধ রয়েছে।

চট্টগ্রাম, কক্সবাজার, মোংলা ও পায়রা সমুদ্র বন্দরসমূহকে ০১ (এক) নম্বর দূরবর্তী সতর্ক সংকেত নামিয়ে তার পরিবর্তে ০২ (দুই) নম্বর (পুন:) ০২ (দুই) নম্বর হুশিয়ারী সংকেত দেখাতে বলা হয়েছে।

উত্তর বঙ্গোপসাগর ও গভীর সাগরে অবস্থানরত সকল মাছ ধরার নৌকা ও ট্রলারকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত উপকূলের কাছাকাছি থেকে সাবধানে চলাচল করতে বলা হয়েছে।

**২। আজ ০৩ ডিসেম্বর, ২০২৩ খ্রিঃ তারিখ সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**

দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য কোন সতর্কবাণী নেই এবং কোন সংকেত দেখাতে হবেনা।

**৩। আজ ০৩ ডিসেম্বর, ২০২৩ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:**

**সিনপটিক অবস্থা:** দক্ষিণপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন **এলাকায়** অবস্থানরত গভীর নিম্নচাপটি উত্তরপশ্চিম দিকে অগ্রসর ও ঘণীভূত হয়ে একই এলাকায় (১১.৫° উত্তর অক্ষাংশ এবং ৮২.৫° পূর্ব দ্রাঘিমাংশ) আজ (০৩ ডিসেম্বর ২০২৩) সকাল ০৬.০০ টায় ঘূর্ণিঝড় 'মিগজাউম'-এ পরিণত হয়ে হয়েছে। এটি আরও উত্তরপশ্চিম দিকে অগ্রসর ও ঘণীভূত হতে পারে।

**পূর্বাভাসঃ**

**প্রথম দিন (০৩.১২.২০২৩ তারিখ সকাল ০৯ টা থেকে):**

**বৃষ্টিপাত:** অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে। দেশের উত্তরাঞ্চলের কোথাও কোথাও শেষরাত থেকে সকাল পর্যন্ত হালকা কুয়াশা পড়তে পারে।

**তাপমাত্রা:** সারাদেশে রাত ও দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**দ্বিতীয় দিন (০৪.১২.২০২৩ তারিখ সকাল ০৯ টা থেকে):**

**বৃষ্টিপাত:** অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে। দেশের উত্তরাঞ্চলের কোথাও কোথাও শেষরাত থেকে সকাল পর্যন্ত হালকা কুয়াশা পড়তে পারে।

**তাপমাত্রা:** সারাদেশে রাতের তাপমাত্রা (১-২)ডিগ্রী বৃদ্ধি পেতে পারে এবং দিনের তাপমাত্রা অপরিবর্তিত থাকতে পারে।

**তৃতীয় দিন (০৫.১২.২০২৩ তারিখ সন্ধ্যা ০৬ টা থেকে):**

**বৃষ্টিপাত:** অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে, তবে দেশের দক্ষিণাঞ্চলের দু'এক জায়গায় হালকা বৃষ্টি হতে পারে। দেশের উত্তরাঞ্চলের কোথাও কোথাও শেষরাত থেকে সকাল পর্যন্ত হালকা কুয়াশা পড়তে পারে।

**তাপমাত্রা:** সারাদেশে রাতের তাপমাত্র সামান্য বৃদ্ধি পেতে পারে এবং দিনের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে।

**বর্ধিত ৫ (পাঁচ) দিনের আবহাওয়ার অবস্থা:** এই সময়ে প্রথমার্ধে দেশের দক্ষিণাঞ্চল ও মধ্যাঞ্চলে বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে।

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | রাজশাহী | রংপুর | ময়মনসিংহ | সিলেট | চট্টগ্রাম | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩০.৮ | **৩০.১** | ৩০.৮ | ৩০.২ | ৩০.৯ | **৩২.২** | **৩০.৮** | ৩১.২ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ১৮.০ | ১৬.৫ | **১৩.০** | ১৭.০ | ১৬.৬ | **১৯.০** | ১৭.০ | ১৮.৬ |

**গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল চট্টগ্রাম ৩২.২ ° সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা তেঁতুলিয়া ১৩.০ ° সেঃ।**

**তথ্যসূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।**

**৪। অগ্নিকান্ড সম্পর্কিত তথ্যঃ**

**(ক) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ০১ ডিসেম্বর, ২০২৩ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ০২ ডিসেম্বর, ২০২৩ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ২৮ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগ ভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরুপ:**

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ৭ | ০ | ০ |
| ২। | ময়মনসিংহ | ০ | ০ | ০ |
| ৩। | বরিশাল | ১ | ০ | ০ |
| ৪। | সিলেট | ১ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ৮ | ০ | ০ |
| ৬। | চট্টগ্রাম | ২ | ০ | ০ |
| ৭। | খুলনা | ৬ | ০ | ০ |
| ৮। | রংপুর | ৩ | ০ | ০ |
| | **মোট** | **২৮** | **০** | **০** |

০৩-১২-২০২৩
মোঃ জাহিদ হাসান
ভারপ্রাপ্ত কর্মকর্তা
৮৮০-৫৮৮১১৬৫১ (ফোন)
৮৮০-২-৯৮৯১৯২৬ (ফ্যাক্স)
controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১, এনডিআরসিসি অনুবিভাগ , দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

**স্মারক নম্বর:** ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.২৩.২৮২/১ (১৩)

তারিখ: ১৮ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
০৩ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ ;
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়;
৩। সচিব , প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়;
৪। সচিব, সচিবের দপ্তর, স্বাস্থ্য সেবা বিভাগ;
৫। সচিব, সচিবের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়;
৬। মহাপরিচালক , মহাপরিচালকের দপ্তর , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;

৭। বিভাগীয় কমিশনার (সকল);
৮। পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।;
৯। উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;
১০। জেলা প্রশাসক (সকল);
১১। প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;
১২। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর। এবং
১৩। সহকারী পরিচালক (সংযুক্ত কর্মকর্তা), যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।

০৩-১২-২০২৩
মোঃ জাহিদ হাসান
ভারপ্রাপ্ত কর্মকর্তা